

Prime Minister's Meeting with Prime Minister of Israel on the sidelines of COP26 in Glasgow, UK

November 02, 2021

বৃটেনের গ্লাসগোতে সিওপি২৬ এর সম্মেলনের ফাঁকে ইজ্রায়েলের প্রধানমন্ত্রীর সঙ্গে প্রধানমন্ত্রীর বৈঠক

নভেম্বর ২, ২০২১

প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী ২রা নভেম্বর বৃটেনের গ্লাসগোতে সিওপি২৬ শিখর সম্মেলনের ফাঁকে ইজ্রায়েলের প্রধানমন্ত্রী মিঃ নাফতালি বেনেটের সঙ্গে বৈঠক করেছেন। দুই প্রধানমন্ত্রীর মধ্যে এটি প্রথম বৈঠক।

উভয় নেতা দুই দেশের মধ্যে দ্বিপাক্ষিক কৌশলগত অংশিদারিত্বের পর্যালোচনা করেন এবং বিভিন্ন ক্ষেত্রে যে অগ্রগতি হয়েছে তাতে সন্তোষ প্রকাশ করেছেন। উন্নত প্রযুক্তি ও উদ্ভাবন সহ আরো বহু ক্ষেত্রে সহযোগিতা বাড়ানোর উপর তাঁরা সহমত পোষণ করেছেন।

আগামী বছর ভারত ও ইজ্রায়েলের মধ্যে কূটনৈতিক সম্পর্ক স্থাপনের ৩০ বছর। সেই প্রসঙ্গ উল্লেখ করে শ্রী মোদী মিঃ বেনেটকে ভারতে আসার আমন্ত্রণ জানান।

গ্লাসগো

নভেম্বর ২, ২০২১

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.